## বিভাগ খ: ভুক্তভোগীর বিষয়ে

**লিঙ্গ** ☐ পুরুষ ☐ মহিলা

**বয়সের গোষ্ঠী** ☐ 16 বছরের কম ☐ 16-24 ☐ 25-34 ☐ 35-44 ☐ 45-55 ☐ 55 বছরের বেশি

**জাতিগত উৎস** (*যথাযথটি টিক করুন*)

| | | | | |
|---|---|---|---|---|
| ☐ শ্বেতকায় ব্রিটিশ | ☐ কৃষ্ণকায় ক্যারিবিয়ান | ☐ পাকিস্তানি | ☐ শ্বেতকায় ও কৃষ্ণকায় ক্যারিবিয়ান | ☐ চীনা |
| ☐ শ্বেতকায় আইরিশ | ☐ কৃষ্ণকায় আফ্রিকান | ☐ ভারতীয় | ☐ শ্বেতকায় ও কৃষ্ণকায় আফ্রিকান | ☐ অন্য কোনও জাতিগত গোষ্ঠী* |
| ☐ কোনও অন্য শ্বেতকায় প্রেক্ষাপট* | ☐ কোনও অন্য কৃষ্ণকায় প্রেক্ষাপট* | ☐ বাংলাদেশী | ☐ শ্বেতকায় ও এশিয়ান | ☐ উত্তর দিতে চাই না |
| *অনুগ্রহ করে বিশদে জানান ________ | | ☐ কোনও অন্য এশিয়ান* প্রেক্ষাপট | ☐ কোনও অন্য মিশ্র* প্রেক্ষাপট | |

## বিভাগ গ: অপরাধীদের বিষয়ে

**কতজন অপরাধী সেখানে ছিল?** ________

**লিঙ্গ** ☐ পুরুষ ☐ মহিলা

**বয়সের গোষ্ঠী** ☐ 16 বছরের কম ☐ 16-24 ☐ 25-34 ☐ 35-44 ☐ 45-55 ☐ 55 বছরের বেশি

**জাতিগত উৎস** (উপরে দেখুন) ________

## অপরাধীগণ (অতিরিক্ত তথ্য)

*(অনুগ্রহ করে অপরাধীদের বিষয়ে অতিরিক্ত তথ্য প্রদান করুন যাতে অন্তর্ভুক্ত নাম, ঠিকানা বা জানা থাকলে ডাকনাম। যে কোন প্রদান করা তথ্য অত্যন্ত গোপন রাখা হবে। )*

## বিভাগ ঘ: অনুমোদন

আমি যে অন্য এজেন্সিদের আমার ব্যক্তিগত তথ্য প্রদান করতে অনুমতি দিচ্ছি, যেগুলি হল নিম্নলিখিত।

☐ পুলিশ ☐ স্থানীয় কর্তৃপক্ষ ☐ ভুক্তভোগী সহায়তা

☐ আবাসন অ্যাসোসিয়েশনগুলি ☐ উর্কস.রেশিয়াল ইকুয়ালিটিজ কাউন্সিল ☐ সব তালিকাভুক্ত এজেন্সি

অন্যান্য (বলুন কে) ________

স্বাক্ষর ________ তারিখ ________

## যোগাযোগের বিবরণ (ঐচ্ছিক)

নাম ________ টেলি নম্বর ________

ঠিকানা ________

পোস্টকোড ________ ই-মেইল ________

যোগাযোগের পছন্দসই উপায়/সময় ________

**রিপোর্টিং কেন্দ্রের নাম:** ________ রিপোর্ট গ্রহীতা: ________

**(শুধু অফিসে ব্যবহার) রেফ নং:** ________ তারিখ: ________

UNITED AGAINST HATE

RAHP
redditch
anti-harassment
partnership

# ঘৃণামূলক ঘটনা রিপোর্ট করার ফর্ম

## নির্দেশনার টীকাসমূহ

এই ঘৃণামূলক ঘটনা রিপোর্ট করার ফর্ম যে সেই ব্যক্তিদের দ্বারা পূরণ করতে হবে যারা মনে করেন যে তারা কোনও ঘৃণামূলক ঘটনার শিকার বা সাক্ষী হয়েছেন। এছাড়া আপনি এই ফর্ম এমন কোনও ঘটনার বিষয়ে জানানোর জন্য ব্যবহার করতে পারেন যার বিষয়ে আপনি জানেন কিন্তু নিজে তার সাক্ষী নন। এটাকে বলে ‘তৃতীয় পক্ষ’ রিপোর্টিং।

যদি আপনি চান, আপনি অজ্ঞাত পরিচয় হিসাবে একটি রিপোর্ট দায়ের করতে পারেন। কিন্তু যদি আপনি আপনার যোগাযোগের বিবরণ দেন তাহলে আপনি অন্য এজেন্সিগুলির থেকে অতিরিক্ত সহায়তা পেতে পারেন যারাও হয়ত আপনার হয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করতে পারেন।

## ঘৃণামূলক ঘটনা কি?

ঘৃণামূলক ঘটনা হল এমন কোনও ঘটনা যা কোনও ব্যক্তির অন্য ব্যক্তিদের প্রতি ঘৃণার কারণে অনুপ্রাণিত হয়, যার কারণ হল তাদের বাস্তবিক বা উপলব্ধি করা...

- জাতি, বর্ণ, জাতিগত উৎস, জাতীয়তা বা জাতীয় উৎস
- ধর্ম
- যৌন প্রবণতা
- লিঙ্গ বা লিঙ্গগত পরিচয়
- প্রতিবন্ধকতা
- বয়স

1999 সালে স্টিফেন লরেন্স-এর মৃত্যুকে কেন্দ্র করে একটি জাতীয়ভাবে স্বীকৃত জাতিবাদী ঘটনার সংজ্ঞা তৈরী করা হয়েছিল এবং গ্রহণ করা হয়েছিল। ঘৃণা দ্বারা অনুপ্রাণিত সকল ঘটনা রেকর্ড, অনুসন্ধান করা এবং সে বিষয়ে কোনও পদক্ষেপ নেওয়ার জন্য এই সংজ্ঞাটিই আমাদের পথনির্দেশ করে।

## একটি ঘৃণামূলক ঘটনার সংজ্ঞা হল...

“যে কোনও ঘটনা যা কোন আইনি অপরাধ হতেও পারে বা নাও হতে পারে, যা ভুক্তভোগী বা অন্য কোনও ব্যক্তি পূর্ব-ধারণা বা ঘৃণামূলক কোনও কারণে অনুপ্রাণিত বলে মনে করেন”।

## ঘৃণামূলক ঘটনা বিভিন্ন রূপে হতে পারে যেমন:

- শারীরিক আক্রমণ – যেমন শারীরিক অত্যাচার, সম্পত্তির ক্ষতি, আক্রমণাত্মক দেওয়াললিখন, প্রতিবেশীদের ঝগড়া এবং লুঠপাট
- আক্রমণের হুমকি – আক্রমণাত্মক চিঠি, গালিগালাজ বা অশ্লীল টেলিফোন কল, ভয় দেখানোর জন্য আশেপাশে থাকা গোষ্ঠী এবং ভিত্তিহীন, বিদ্বেষমূলক অভিযোগ
- গালাগাল বা অপমান করা – আক্রমণাত্মক লিফলেট এবং পোস্টার, বাসার সামনে বা ডাকবাক্সে জঞ্জাল ফেলা, এবং স্কুলে বা কাজের জায়গায় উৎপীড়ন

ঘৃণামূলক ঘটনার ভুক্তভোগীকে কোনও সংখ্যালঘু গোষ্ঠীর সদস্য বা এমন কেউ না হলেও চলবে যার ‘ক্ষতির আশঙ্কা বেশি’। কোনও সংখ্যালঘু গোষ্ঠীর কারোর বন্ধু বা সংশ্লিষ্ট হওয়ার জন্যও কেউ এর শিকার হতে পারেন।

# ফর্মটি পূরণ করা

এই ফর্মটি পূরণ করার সময় অনুগ্রহ করে যথাসম্ভব বেশি তথ্য কালো বা নীল কালিতে স্পষ্টভাবে লিখুন। যদি প্রয়োজন হয়, একটি আলাদা পৃষ্ঠা ব্যবহার করুন যা তারপর সুরক্ষিতভাবে ফর্মটির সাথে লাগাতে হবে।

**বিভাগ ক** – ঘটনা(গুলি)র বিবরণ। ঘটনার ধরণ, কোথায় ও কখন তা ঘটেছে এবং আপনি ভুক্তভোগী, সাক্ষী বা তৃতীয় পক্ষ হিসাবে তা জানাচ্ছেন এগুলি অন্তর্ভুক্ত করুন। আমাদের পক্ষে জানানো গুরুত্বপূর্ণ যে এই ঘটনাগুলি আগে ঘটেছে কি না এবং তা অন্য কোনও এজেন্সিকে জানানো হয়েছে কিনা। বর্ণনা দেবার সময়ে অনুগ্রহ করে ঘটনাটির ফলে আপনি কি অনুভব করেছেন আর অন্য কোনও পরিবারের সদস্য প্রভাবিত হয়েছে কি না তা অন্তর্ভুক্ত করুন।

**বিভাগ খ** – ভুক্তভোগী(দের) বিবরণ। এই তথ্য আমাদের যথাযথভাবে ঘটনাটি রেকর্ড করতে ও মোকাবিলা করতে সমর্থ করবে। যদি আপনি একজন সাক্ষী বা তৃতীয় পক্ষ হিসাবে জানাচ্ছেন, আপনাকে এই ঘটনার ভুক্তভোগী(দের) সম্বন্ধে যা তথ্য জানেন তা জানাতে হবে।

**বিভাগ গ** – অপরাধী(দের) বিবরণ। এটি গুরুত্বপূর্ণ যে এই ঘটনা ঘটানো ব্যক্তিদের বিষয়ে আমরা যথাসম্ভব বেশি তথ্য সংগ্রহ করি যাতে তাদের আচরণে কোনও প্যাটার্ন থাকলে তা আমরা চিনতে পারি এবং আর এই ঘটনা আবার ঘটা আটকাতে পারি। নাম, ঠিকানা, বর্ণনা বা কেবল ডাকনাম অন্য ঘটনাগুলির সাথে সম্বন্ধের বিষয়ে জানাতে পারে এবং অপরাধীদের বিষয়ে কোনও তথ্য কঠোরভাবে গোপন রাখা হবে।

**বিভাগ ঘ** – যোগাযোগের ঠিকানা এবং ব্যক্তিগত তথ্য জানাতে অনুমোদন। রিপোর্টগুলি অজ্ঞাতপরিচয়ভাবে জানানো যেতে পারে। কিন্তু আমরা চাইব যে আপনি বিবরণ দেন যাতে আপনাকে আমরা অতিরিক্ত সহায়তা ও সমর্থন প্রদান করতে পারি। যদি আপনি আমাদের অনুমোদন দেন, আমরা আপনার দেওয়া তথ্যগুলি অন্য এজেন্সিদের সাথে ভাগ করে নিতে পারি যারা আপনার হয়ে আরো পদক্ষেপ নিতে পারে।

# এর পরে কি হবে?

একবার পূরণ করা হলে ফর্মটির সঙ্গে পাঠানো ডাকমাশুল মেটানো থামে রেডডিচ টাউন হলে কমিউনিটি সেফটি প্রোজেক্ট অফিসারের কাছে পাঠাতে হবে। যদি আপনি আমাদের আপনার যোগাযোগের বিবরণ দিয়েছেন, কোন অফিসার আপনাকে 5 কর্মদিবসের মধ্যে আপনার রিপোর্টের বিষয়ে আলোচনা করতে যোগাযোগ করবেন।

যদি আপনি আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করা অনুমোদন করেন, আপনার প্রদান করা তথ্য ফর্মে চিহ্নিত এজেন্সিগুলিকে জানানো হবে। কি পদক্ষেপ নেওয়া হবে এবং কি অতিরিক্ত সহায়তা প্রদান করা হবে তা আলোচনা করার জন্য আপনার সাথে যোগাযোগ করা হবে। আপনাকে অগ্রগতির বিষয়ে জানানো হবে এবং আপনি জ্ঞাত এবং সম্মত হলেই কোনও প্রস্তাবিত পদক্ষেপ নেওয়া হবে।

যদি আপনি আপনার অনুমোদন না দেন তাহলে আপনার ব্যক্তিগত তথ্য অন্য কোনও এজেন্সিকে জানানো যাবে না। আপনার প্রদত্ত তথ্য রেকর্ড করা হবে এবং শুধু নজর রাখার জন্য ব্যবহার করা হবে।

কিছু কিছু পরিস্থিতিতে, কিছু তথ্য জানানো পরিচর্যার দায়িত্ব হতে পারে, যদি ভুক্তভোগী শিশু হয় (18 বছরের কম বয়সী)। এই পরিস্থিতিতে আপনাকে এটি আলোচনা করতে যোগাযোগ করা হবে যে কিভাবে আপনি প্রয়োজনীয় সহায়তা ও সাহায্য পাবেন।

ঘৃণামূলক ঘটনা রিপোর্টিং স্কিম একটি বহু এজেন্সি প্যানেল দ্বারা সমর্থিত যার নাম রেডডিচ অ্যান্টি হ্যারাসমেন্ট পার্টনারশিপ (আরএএইচপি)। আরএএইচপি 1995 সালে স্থাপনা করা হয় এবং তা ঘৃণামূলক অপরাধের ভুক্তভোগী এবং সাক্ষীদের সহায়তা করে। আরএএইচপি–র সদস্যদের মধ্যে অন্তর্ভুক্ত: রেডডিচ বারা কাউন্সিল, ওয়েস্ট মার্সিয়া পুলিশ, উরস্টারশায়ার রেশিয়াল ইকুয়ালিটি কাউন্সিল, স্থানীয় আবাসন অ্যাসোসিয়েশনগুলি, ভিক্টিম সাপোর্ট, উরস্টারশায়ার কাউন্টি কাউন্সিল, কমিউনিটি মেন্টাল হেলথ সার্ভিসেস, ওয়েস্ট মার্সিয়া প্রোবেশন সার্ভিস, উরস্টারশায়ার ইয়ুথ অফেণ্ডিং সার্ভিস, স্যাণ্ডিক্রফট এবং রেডডিচ ইন্টার কালচারাল অ্যাসোসিয়েশন।

এই বহু–এজেন্সি পন্থার অর্থ হল যে অংশীদারিতে সম্পৃক্ত সব সংস্থাগুলি একসাথে কাজ করে ভুক্তভোগী ও সাক্ষীদের ব্যক্তিগত সহায়তা এবং সমর্থন প্রদান করবে, ভবিষ্যতে কোনও ঘটনা ঘটা আটকাতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে, এবং সম্মতি নিয়ে, অপরাধীর বিরুদ্ধে মামলা করবে।

রেডডিচ অ্যাণ্ড ব্রমসগ্রোভ জয়েন্ট হেট ক্রাইম পার্টনারশিপের বিষয়ে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে কমিউনিটি সেফটি টিমকে **01527 53418** নম্বরে বা communitysafety@redditchbc.gov.uk–তে যোগাযোগ করুন।

UNITED AGAINST HATE

RAHP
redditch anti-harassment partnership

যদি আপনার এই ফর্মটি ভরতে সাহায্যের প্রয়োজন হয়, কর্মীদের কোনও সদস্যের সাথে কথা বলুন বা রেডডিচ বারা কাউন্সিল কন্ট্যাক্ট সেন্টারকে **01527 534123** নম্বরে কল করুন এবং গ্রাহক পরিষেবা পরামর্শদাতার সাথে কথা বলুন। অনুরোধ করলে এই ফর্মের কপি বড় মুদ্রণ, ব্রেইল বা অডিও ক্যাসেটে পাওয়া যায়।

# ঘৃণামূলক ঘটনা রিপোর্ট করার ফর্ম

**(তথ্য কঠোরভাবে গোপনীয় রাখা হবে)**

## বিভাগ ক: ঘটনার বিষয়ে

আপনি কি: ☐ ভুক্তভোগী? ☐ সাক্ষী? ☐ কোনও তৃতীয় পক্ষ?

এই ঘটনাটি কি কারণে ঘটেছিল বলে আপনার মনে হয়?

☐ জাতিবাদ ☐ ধর্ম ☐ প্রতিবন্ধকতা
☐ সমকামীদের প্রতি বিদ্বেষ ☐ হিজরাদের প্রতি বিদ্বেষ (লিঙ্গ) ☐ বয়স

## ঘটনা(গুলি)র ধরণ – যথাযথ হলে একটির বেশি বাক্সে টিকচিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| ☐ আগুন লাগানো | ☐ মৌখিক গালিগালাজ | ☐ মারধোর | ☐ সম্পত্তির ক্ষতি |
| ☐ বিবাদ | ☐ উপদ্রব | ☐ ঘৃণামূলক চিঠি | ☐ চুরি |
| ☐ হয়রানি | ☐ ভীতিপ্রদর্শন | ☐ দেওয়াললিখন | ☐ বিদ্বেষমূলক ফোন কল |

অন্যান্য ______

ঘটনার সময় পূর্বাহ্ণ/অপরাহ্ণ ______ তারিখ ______

স্থান/রাস্তা ______ পোস্টকোড ______

এই ধরণের ঘটনা কি আগে ঘটেছে? না ☐ হ্যাঁ ☐ যদি হ্যাঁ হয়, কখন ______

আপনি কি অন্য কোনও এজেন্সির কাছে এই ঘটনাটি জানিয়েছেন? না ☐ হ্যাঁ ☐ যদি হ্যাঁ হয়, কে ______

## ঘটনা(গুলি)র বা পদক্ষেপগুলির সংক্ষিপ্ত বিবরণ

*(কি ঘটেছে তা যথাসম্ভব বিশদভাবে জানান, মনে করে ঘটনাটির ফলে আপনি কি অনুভব করেছেন এবং পরিবারের অন্যান্য সদস্যেরা প্রভাবিত হয়েছেন কি না তা এতে অন্তর্ভুক্ত করবেন)*